দৈনিক সংবাদ

তারিখ ... 11 DEC 1984 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...

44

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাংবাদিক সম্মেলন

# সন্ত্রাস নির্মূলে কার্যকর ব্যবস্থা নেয়ার আহ্বান

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাস নির্মূলের জন্যে কার্যকর ব্যবস্থা নেয়ার জন্য সরকার, বিশ্ববিদ্যালয় প্রশাসন ও রাজনৈতিক নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানিয়েছেন।

গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে শিক্ষক সমিতি আহূত এক সাংবাদিক সম্মেলনে এই আহবান জানানো হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক সন্ত্রাস ও আরিফ হত্যার পরিপ্রেক্ষিতে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ এম, এ, মান্নান লিখিত বক্তব্য পাঠ করেন। এ সময় সমিতির সভাপতি ডঃ মনিরুজ্জামান, প্রফেসর

(শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন)

## সন্ত্রাস নির্মূল

(১ম পাতার পর)

আমিনুল ইসলাম, প্রফেসর ইমামুল হক, প্রফেসর জহুরুল হক প্রমুখ শিক্ষক উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে ডঃ মান্নান আশা প্রকাশ করেন যে, সরকারের সদিচ্ছা, বিশ্ববিদ্যালয় প্রশাসনের আন্তরিকতা ও রাজনৈতিক নেতৃবৃন্দের সহযোগিতা পেলে স্বল্প সময়ের মধ্যেই বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাস দূর করা সম্ভব। তিনি এ ব্যাপারে ছাত্র সমাজেরও সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের তরুণদের স্বৈরাচার বিরোধী মনোভাবকে নষ্ট করার লক্ষ্যেই অতীতের একনায়কগণ ছাত্র রাজনীতিতে সন্ত্রাস ছড়িয়েছে। ক্যাম্পাসে বর্তমান সময়ের সন্ত্রাসী তৎপরতা তারই বহিঃপ্রকাশ মাত্র।

সাংবাদিক সম্মেলনে আশংকা প্রকাশ করা হয় যে, আরিফ হত্যা সহ ক্যাম্পাসে সংঘটিত সাম্প্রতিক সন্ত্রাসী তৎপরতার বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ না করা হলে ভবিষ্যতে হয়তো আরো অনেক আরিফের প্রাণ যেতে পারে।

এক প্রশ্নের জবাবে শিক্ষক সমিতির সভাপতি মনিরুজ্জামান বলেন, সন্ত্রাসবাদীদের অস্ত্রের উৎস কোথায়--এ প্রশ্নের জবাব কেবলমাত্র আইন প্রয়োগকারী সংস্থাই দিতে পারে।

তিনি ক্যাম্পাসে সাম্প্রতিক সন্ত্রাস দমনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ প্রশাসনের ব্যর্থতার নিন্দা করেন।

আরিফ হত্যা এবং ক্যাম্পাসে সাম্প্রতিক সন্ত্রাসের প্রতিবাদে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি যৌথ মিছিলের আয়োজন করে। অপরাজেয় বাংলার পাদদেশ থেকে মৌন মিছিলটি শুরু হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে শেষ হয়।